**একই স্মারক ও তারিখের প্রতিস্থাপক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.১৯-১৪৫১ তারিখঃ ০৮ কার্তিক' ১৪২৬ / ২৪ অক্টোবর'২০১৯

বিষয় : **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন**

সূত্র : ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নং-বাস্তবায়ন কমিটি/প্রশা/০০১/২০১৯-৪০ তারিখ: ১০-৬-২০১৯

খ) সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-১ শাখার স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.২৩.০০১.১৯.৪৪৩ তারিখ: ২৯.০৯.২০১৯

গ) সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-১ শাখার স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.০৯.০০৫.১৭-৬৭৪ তারিখ: ১৪.১০.২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে সরকারের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে কারা বিভাগের 'মুজিববর্ষ' উদযাপনের চূড়ান্ত খসড়া কর্মপরিকল্পনা, ক্যালেন্ডারভিত্তিক সময়সূচি এবং একটি সেবা নিম্নোক্ত ছক মোতাবেক তথ্যাদি এতৎসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

**কারা অধিদপ্তর, বিভাগীয় দপ্তর, কারাগার কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারী ও তাদের সন্তান এবং কারা প্রশাসন পরিচালিত স্কুলসমূহের জন্য কর্মপরিকল্পনা:**

| নং | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | দেশব্যাপী জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ | ১৭ মার্চ, ২০২০ এবং ১৭ মার্চ, ২০২১ | সরকারের কেন্দ্রীয় কর্মসূচির সাথে একাত্ব হয়ে অধিদপ্তর ও তার অধিনস্থ দপ্তরসমূহে একই কর্মসূচি পালিত হবে। | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ২০ লক্ষ | কর্মসূচি ভিত্তিক খরচের কমবেশি হতে পারে। |
| ২. | বঙ্গবন্ধুর জীবন ও দর্শন বিষয়ক আলোচনা ও দোয়া মাহফিল | ১৭ মার্চ, ২০২০ এবং ১৭ মার্চ,২০২১ | বঙ্গবন্ধুর শৈশব, কৈশোর, রাজনৈতিক ও কারাজীবন (৩০৫৩ দিন) নিয়ে কারা অধিদপ্তর, বিভাগীয় দপ্তর এবং কারাগারসমূহে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ২০ লক্ষ | |
| ৩. | ডিজিটাল বিলবোর্ডে বঙ্গবন্ধুর জীবন ও দর্শন প্রদর্শন | ১৭ মার্চ, ২০২০ থেকে ১৭ মার্চ, ২০২১ | বঙ্গবন্ধুর জীবনী, কারাজীবন, মতাদর্শ, রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শন করা হবে। | কারা অধিদপ্তর, ঢাকা | ১লক্ষ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন। বছরব্যাপী চালু থাকবে। |
| ৪ | কারা কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের **'শেখ রাসেল স্মৃতি বৃত্তি'** প্রদান | ১৭ মার্চ, ২০২০ এবং ১৭ মার্চ, ২০২১ | কারা কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের বিভিন্ন সাফল্যের স্বীকৃতিস্বরূপ **'শেখ রাসেল স্মৃতি বৃত্তি'** প্রদান করা হবে। | কারা অধিদপ্তর, ঢাকা | ১লক্ষ | চাহিদার ভিত্তিতে খরচ কম-বেশি হতে পারে। |
| ৫ | বাংলাদেশ জেল এর প্রকাশনা **'বঙ্গবন্ধুর জেল জীবন'** মুদ্রণ ও সরবরাহ | ১৭ মার্চ, ২০২০ থেকে ১৭ মার্চ, ২০২১ | বঙ্গবন্ধুর কারাজীবন সম্পর্কিত বাংলাদেশ জেল এর প্রকাশনা **'বঙ্গবন্ধুর জেল জীবন'** মুদ্রণ ও সারাদেশের কলেজ, বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহে বিনামূল্যে তা সরবরাহ করা ; | কারা অধিদপ্তর, ঢাকা। | ২০ লক্ষ | প্রয়োজনীয়তা ও চাহিদার ভিত্তিতে বছরব্যাপী বিতরণ করা হবে। |

চলমান পাতা-২

| নং | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬ | বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ মৌলিক প্রশিক্ষণ সূচিতে অন্তর্ভূক্তকরণ | ১৭ মার্চ, ২০২০ এবং ১৭ মার্চ, ২০২১ | বঙ্গবন্ধুর শৈশব, কৈশোর, রাজনৈতিক ও কারাজীবন (৩০৫৩ দিন) এবং তাঁর স্বপ্ন ও আদর্শ, কারারক্ষী ও ডেপুটি জেলারদের মৌলিক প্রশিক্ষণ সূচিতে অন্তর্ভূক্ত করা হবে। | কারা অধিদপ্তর/ কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কারা প্রশিক্ষণ কেন্দ্র | ১০ লক্ষ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ৭. | চিত্রাঙ্কন, রচনা, গল্প ও কবিতা পাঠ, হামদ নাত প্রতিযোগিতা আয়োজন ; | জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২১ | কারা কর্মকর্তা-কর্মচারী ও তাদের ছেলে-মেয়েদের জন্য কেন্দ্রীয় ও স্থানীয়ভাবে চিত্রাঙ্কন, রচনা প্রতিযোগিতা, গল্প ও কবিতা পাঠ, হামদ নাত প্রতিযোগিতা আয়োজন করা হবে ; | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ১০ লক্ষ | জেলা থেকে বিভাগীয় পর্যায়ে নির্বাচিতদের মধ্যে হতে কেন্দ্রীয়ভাবে নির্বাচিত করা হবে। |
| ৮. | নাচ, গান, অভিনয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ; | ০১-১৭ মার্চ,২০২১ | কারা কর্মকর্তা-কর্মচারী ও তাদের ছেলে-মেয়েদের জন্য কেন্দ্রীয় ও স্থানীয়ভাবে নাচ, গান, অভিনয় ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে ; | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ১০ লক্ষ | জেলা থেকে বিভাগীয় পর্যায়ে নির্বাচিতদের মধ্য হতে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠানের আয়োজন করা হবে। |
| ৯. | ব্যানার প্রদর্শন | ১৭ মার্চ, ২০২০ থেকে ১৭ মার্চ, ২০২১ | কারা অধিদপ্তর, বিভাগীয় দপ্তর ও কারাগারসমূহে বছরব্যাপী বঙ্গবন্ধু ও তাঁর জেলজীবন নিয়ে কেন্দ্রীয়ভাবে সরবরাহকৃত ব্যানার প্রদর্শন করা হবে। | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ০৫ লক্ষ | বছরব্যাপী প্রদর্শিত হবে। |
| ১০ | আলোক সজ্জাকরণ | ১৭-১৯ মার্চ,২০২০ এবং ১৫-১৭ মার্চ,২০২১ | কারা অধিদপ্তর, বিভাগীয় দপ্তর ও কারাগারসমূহে মুজিববর্ষের শুরু ও শেষ তিনদিন ব্যাপী আলোকসজ্জা করা হবে। | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ৫০ লক্ষ | - |
| ১১. | খেলাধুলার আয়োজন | জানুয়ারি-ফেব্রুয়ারি,২০২১ | ফুটবল, ভলিবল, ক্রিকেট ও বিভিন্ন ধরণের ইনডোর (ক্যারাম, লুডু, দাবা ইত্যাদি) গেমস আয়োজন। | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ১০ লক্ষ | জেলা থেকে বিভাগীয় পর্যায়ে নির্বাচিতদের মধ্য হতে কেন্দ্রীয়ভাবে নির্বাচিত করা হবে। |
| ১২. | দোয়া/প্রার্থনার আয়োজন | ১৭ মার্চ, ২০২০ এবং ১৭ মার্চ, ২০২১ | কারা মসজিদ/ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে বিশেষ দোয়া/প্রার্থনার আয়োজন করা হবে। | কারা অধিদপ্তর/ বিভাগীয় দপ্তর/ কারা কর্তৃপক্ষ | ০১ লক্ষ | - |

চলমান পাতা-৩

| নং | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | জেল হত্যা দিবস পালন | ৩রা নভেম্বর ২০২০ সকাল ৯.৩০ হতে ৯.৫০ ঘটিকা | * পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার-এ বঙ্গবন্ধু ও শহীদ জাতীয় চার নেতার স্মৃতিস্তম্ভে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন ও দোয়া মাহফিল। | কারা অধিদপ্তর/ ঢাকা বিভাগীয় দপ্তর | ১০লক্ষ | সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন |
| | | ৩রা নভেম্বর সকাল ৯.৩০ হতে ১২.৩০ ঘটিকা | * সকল কেন্দ্রীয় ও জেলা কারাগারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় চার নেতার জীবনী নিয়ে স্মৃতিচারণমূলক আলোচনা সভা।<br>* মহান মুক্তিযুদ্ধে জাতীয় চার নেতার অবদান শীর্ষক আলোচনা সভা ও দোয়া মাহফিল। | বিভাগীয় দপ্তর/ সিনিয়র জেল সুপার/জেল সুপার | | |
| ১৪ | জেল হত্যা দিবসের আলোচনা অনুষ্ঠান | বঙ্গবন্ধু আন্তজার্তিক সম্মেলন কেন্দ্র | **কারাগারে শহীদ জাতীয় চার নেতার নৃশংস হত্যাকান্ড নিয়ে আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ :**<br>*কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা অধিদপ্তর এর কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। | সুরক্ষা সেবা বিভাগ | -- | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ |

## কারাগারসমূহে আটক বন্দি ও মায়ের সাথে অবস্থানরত শিশুদের জন্য কর্মপরিকল্পনা:

| নং | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বঙ্গবন্ধুর জীবন ও দর্শন বিষয়ক আলোচনা সভা | ১৭ মার্চ, ২০২০ হতে ১৭ মার্চ, ২০২১ | বঙ্গবন্ধুর শৈশব, কৈশোর, রাজনৈতিক ও কারাজীবন (৩০৫৩ দিন) নিয়ে আলোচনা সভার আয়োজন করা হবে। | কারা কর্তৃপক্ষ | ০১ লক্ষ | বন্দিদের জন্য |
| ২. | নাচ-গান, চিত্রাঙ্কন, গল্প ও ছড়াগান, হামদ নাত প্রতিযোগিতা আয়োজন ; | জানুয়ারি-ফেব্রুয়ারি'২০২১ | কারাভ্যন্তরে মায়ের সাথে অবস্থানরত শিশুদের জন্য চিত্রাঙ্কন, গল্প ও ছড়াগান এবং হামদ নাত প্রতিযোগিতা আয়োজন করা হবে ; | কারা কর্তৃপক্ষ | ০১ লক্ষ | মায়ের সাথে অবস্থানরত শিশুদের জন্য |
| ৩. | নাচ, গান, অভিনয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ; | ০১-১৭ মার্চ,২০২১ | স্থানীয়ভাবে নাচ, গান, অভিনয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে ; | কারা কর্তৃপক্ষ | ২০ লক্ষ | বন্দিদের জন্য |
| ৪. | খেলাধুলার আয়োজন | নভেম্বর-ডিসেম্বর,২০২০ | ফুটবল, ভলিবল, ক্রিকেট ও বিভিন্ন ধরণের ইনডোর (ক্যারাম, লুডু, দাবা ইত্যাদি) গেমস আয়োজন। | কারা কর্তৃপক্ষ | ২০ লক্ষ | বন্দিদের জন্য |

চলমান পাতা-৪

| নং | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৫. | দোয়া/প্রার্থনার আয়োজন | ১৭ মার্চ, ২০২০ এবং ১৭ মার্চ, ২০২১ | কারাভ্যন্তরে বিশেষ দোয়া/প্রার্থনার আয়োজন করা হবে। | কারা কর্তৃপক্ষ | ০১ লক্ষ | বন্দিদের জন্য |
| ৬. | উন্নতমানের খাবার পরিবেশন | ১৭ মার্চ, ২০২০ এবং ১৭ মার্চ, ২০২১ | কারাভ্যন্তরে অবস্থানরত সকলের জন্য উন্নতমানের খাবার পরিবেশন করা হবে। | কারা কর্তৃপক্ষ | ১.৮ কোটি | সরকারিভাবে বরাদ্দ পাওয়া না গেলে স্থানীয় ব্যবস্থাপনায় যতটুকু সম্ভব চেষ্টা করা হবে। |

**সেবাঃ** সুরক্ষা সেবা বিভাগের সূত্রস্থ 'খ' নং স্মারকে প্রাপ্ত কার্যবিবরণীর ৫নং সিদ্ধান্তের আলোকে কারা অধিদপ্তর কর্তৃক বছরব্যাপী নিম্নলিখিত সেবা প্রদান করা হবে।

**দেশের ৬৮টি কারাগারের কারা লাইব্রেরিতে বঙ্গবন্ধু কর্ণার চালু করা :** এ সেবার আওতায় দেশের প্রতিটি কারা লাইব্রেরিতে বঙ্গবন্ধুকে নিয়ে রচিত গ্রন্থ, ম্যাগাজিন, জার্নাল ইত্যাদি সংরক্ষণ করে কারা বন্দিদের মাঝে বঙ্গবন্ধুর জীবনদর্শন ও আদর্শ প্রচার করা ।

**টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা ১৬.৩.২. অর্জনে কারা অধিদপ্তরের লিড এজেন্সি হিসেবে কাজ করা :** উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে বিচারাধীন বন্দির সংখ্যা হ্রাসকরণের জন্য আইনগত সহায়তা প্রদান, প্যারালিগ্যাল কার্যক্রমের মাধ্যমে কারা বন্দিদের জন্য আইনজীবি নিয়োগ, জামিন আবেদন দাখিলকরণ ইত্যাদির মাধ্যমে বিচারাধীন বন্দির সংখ্যা হ্রাস করা ।

০৭/১১/২২

এ কে এম মোস্তফা কামাল পাশা
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ig@prison.gov.bd

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি:**

ক) অতিরিক্ত সচিব (কারা)
খ) উপসচিব (প্রশাসন -১ শাখা)

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। কারা উপ মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। প্রশাসনিক কর্মকর্তা-১/২, পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার/স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ)।
৯। শাখা প্রধান (সকল শাখা), কারা অধিদপ্তর, ঢাকা।
১০। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
১১। গার্ড ফাইল।